

নির্ধাতিত রোহিঙ্গা ও টোকাই-বকাইদের কবিতা
খন্দকার জাহিদ হাসান

মাঝে মাঝে ভাবি যা কিছু ঘটছে
আসলে কি সব সত্যি?
এই যে ছুটছে অসহায়া মা
কোলে শিশু একরত্তি!?
এই যে স্বজনহারার রোদনে
আকাশ-বাতাস মথিত
নাকি ছিল হয়ে ঘটনাপুঞ্জ
পূর্ব থেকেই গ্রথিত?
অথবা হয়তো রয়েছি একটা
দুঃস্বপ্নের ভেতরে?

পরক্ষণেই ভুল ভাঙ্গে কেটে
চিম্টি নিজের গতরে-
মোটেও তো নয় হ্যালুসিনেশন
সবই তো আসলে বাস্তব
এই আহাজারি, এই পোড়া লাশ,
খুনীদের এই উৎসব!

নতুন নতুন খুনীরা আসছে
প্রতিদিন ধরাধামেতে
ধর্মের নামে, আদর্শ আর
গণতন্ত্রের নামেতে।
সন্দেহ জাগে দু'পেয়ে মানুষ
আদৌ মানুষ কিনা-
হত্যাকারীর ধর্ম থাকে না,
থাকে শুধু তার ঘৃণা।
ওদের জবানে ধর্মের বাণী
শোণায় আবোলতাবোল

ওরা তো ধর্ম পালন করে না
ব্যবহার করে কেবল।

নিরীহ লোকের ধর্মাবেগকে
পুঁজি করে ছলেবলে
বাদশারা আজও ব্যবসা চালায়
বিভিন্ন কৌশলে-

পেট্রো-ডলারে হচ্ছে খরিদ
পাহাড় সমান প্রমোদ
লুটেরার কোনো ধর্ম থাকে না,
থাকে শুধু তার আমোদ।

টোকাইরা হয় টুকিয়েই চলে
জীবনের খড়কুটো
বাঁচে তারা খেয়ে এই সমাজের
এঁটো-কাঁটা আর ঝুটো,
বকাইরা ফের চিরটা কালই

রয়ে যায় বোকাসোকা
'বোকা বকাই'-এর গল্পের বইয়ে
ধরে সময়ের পোকা...